স্বাস্থ্য দপ্তরে হেল্পডেস্ক

আজকালের প্রতিবেদন

জুনিয়র ডাক্তারদের আন্দোলনের জেরে রোগী-হয়রানি ঠেকাতে এবার হেল্পডেস্ক খুলল স্বাস্থ্য দপ্তর। বৃহস্পতিবার থেকেই রোগীরা এর সুবিধে পেতে শুরু করেছেন। স্বাস্থ্য দপ্তরের তরফে জানানো হয়েছে, স্বাস্থ্যসাথী কার্ড আছে এমন যে সমস্ত রোগী কলকাতার পাঁচটি মেডিক্যাল কলেজে এসে ভর্তি হতে সমস্যায় পড়ছেন, তাঁরা হেল্পডেস্কে যোগাযোগ করলে নিকটবর্তী বেসরকারি হাসপাতালে ভর্তি হতে পারবেন। হেল্পডেস্কে স্বাস্থ্যসাথীর তথ্য দিতে হবে রোগীদের। এই ডেস্কের মাধ্যমে অ্যাম্বুল্যান্সও যুক্ত থাকছে। যাতে সংশ্লিষ্ট কলকাতার মেডিক্যাল কলেজগুলি থেকে রোগীদের বেসরকারি হাসপাতালে পৌঁছে দেওয়া যায়। স্বাস্থ্যভবনে স্বাস্থ্যসাথী সেলের মাধ্যমে নজরদারি চলবে। রোগীরা যাতে দ্রুত ভর্তি হয়ে চিকিৎসা পেতে পারেন, তার জন্যই এই উদ্যোগ স্বাস্থ্য দপ্তরের। এনআরএস, আর জি কর, কলকাতা মেডিক্যাল, ন্যাশনাল মেডিক্যাল এবং এসএসকেএম হাসপাতালে এই হেল্পডেস্ক আপাতত চালু হয়েছে।

নীরব সিবিআই!

● ১ পাতার পর

ব্রাত্যর অভিযোগ, 'জুনিয়র ডাক্তারদের আন্দোলন গরিব মানুষের ক্ষতি করছে।'

পুরস্কার প্রত্যাখ্যান

ব্রাত্য বসু পুরস্কার প্রত্যাখ্যান নিয়ে বলেন, 'প্রত্যাখ্যান কেউ করতেই পারেন। যেহেতু নাটকের কথা উঠেছে, নাটকের যিনি পুরস্কার প্রত্যাখ্যান করেছেন তাঁকে স্বাগত জানাব। তাঁর বাড়িতে বিজেপির প্রতিনিধিদল গিয়ে তাঁকে ধন্যবাদ জানিয়েছে। আমিও তাঁকে ধন্যবাদই জানাব। তিনি নির্বাচনে বাম প্রার্থী ছিলেন। তিনি বাম প্রার্থী হওয়া সত্ত্বেও তৃণমূল সরকার তাঁর ক্ষেত্রে কোনও বাছবিচার করেনি। অর্থাৎ তাঁর রাজনৈতিক পরিচয় দিয়ে তাঁর শৈল্পিক সত্তাকে বিচার করতে যায়নি।' শিক্ষামন্ত্রী বলেন, 'যাঁরা পুরস্কার ফিরিয়ে দিতে চাইছেন, তাঁদের সবার সেটা করার গণতান্ত্রিক অধিকার আছে। তাঁরা তাঁদের কাজ করেছেন। এরপর কেন্দ্রীয় স্তরে যদি এই ধরনের কোনও ন্যক্কারজনক ঘটনা ঘটে, তাহলে কি তাঁরা কেন্দ্রীয় সরকারের পুরস্কার ফেরত দেবেন?

সিঙ্গুর-নন্দীগ্রাম

সিঙ্গুর-নন্দীগ্রামের সময় রাস্তায় নেমে আন্দোলন করেছিলেন, আর জি কর নিয়ে নাগরিক আন্দোলনকে কীভাবে দেখছেন? শিক্ষামন্ত্রী বলেন, 'আর জি করের ঘটনা নিন্দনীয়, ন্যক্কারজনক। ২০০৬ সালে সিঙ্গুর এবং ২০০৭ সালে নন্দীগ্রামের সময় আমার কোনও রাজনৈতিক পরিচয় ছিল না। ২০১১ সাল থেকে আমার একটা নির্দিষ্ট রাজনৈতিক পরিচিতি আছে। অর্থাৎ আমি আমার রাজনৈতিক অঙ্গনে প্রতিবাদ জানাতে পারি। রাজনৈতিক অঙ্গন থেকে আমরা সকলেই প্রতিবাদ জানিয়েছি। মিছিলে হেঁটেছি। ধর্নায় বসেছি। আমাদের মতো করে ফেসবুক-সহ অন্যান্য সোশ্যাল মিডিয়ায় প্রতিবাদ করেছি। কিন্তু আন্দোলনের একটা আঙুল, কারও কারও প্রশাসনের দিকে তোলা। আমি সেই প্রশাসনের অঙ্গ। কিছু লোককে তো সেই আন্দোলনের কথাও শুনতে হবে। কিছু লোককে সেই কথা বুঝতে হবে। তার প্রতিবিধানের ব্যবস্থা নিতে হবে।'

সাংবাদিক সম্মেলনে ব্রাত্য বসু, ডাঃ শশী পাঁজা।

কলকাতা পুরসভার প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের পুনর্নির্মাণের পর উদ্বোধন করছেন কলকাতার মেয়র ফিরহাদ হাকিম। আছেন ৪২ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর মহেশ কুমার শর্মা, বরো চেয়ারম্যান রেহানা খাতুন। নেতাজি সুভাষ রোডে, বৃহস্পতিবার। ছবি: আজকাল

র‍্যাগিং রুখতে সিসি ক্যামেরা লাগানোয় জোর শিক্ষামন্ত্রীর

আজকালের প্রতিবেদন

এক বছর আগে র‍্যাগিংয়ের কারণে ছাত্র মৃত্যুর ঘটনার পরও যাদবপুর বিশ্ববিদ্যালয়ে বারবার র‍্যাগিংয়ের অভিযোগ উঠছে। কলকাতা বিশ্ববিদ্যালয়েও সম্প্রতি র‍্যাগিংয়ের অভিযোগ উঠেছে। এর প্রেক্ষিতে শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু বিশ্ববিদ্যালয়গুলির হস্টেল এবং ক্যাম্পাসে সিসি ক্যামেরা লাগানোর ওপর জোর দিলেন। বৃহস্পতিবার বিকাশভবনে সাংবাদিক বৈঠকে শিক্ষামন্ত্রী বলেন, 'র‍্যাগিংয়ের ক্ষেত্রে আমরা স্পষ্ট নির্দেশিকা দিয়েছিলাম যে হস্টেল এবং সমস্ত ক্যাম্পাসে সিসিটিভি লাগাতে হবে। আমি চাইব এখন যাঁরা রাজ্যপাল প্রেরিত হয়ে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে বসে আছেন, কেয়ারটেকার, যাঁদের সুপ্রিম কোর্ট খারিজ করেছে, চলে যাওয়ার আগে তাঁদের বলব, আপনারা এই সিসিটিভি লাগানোর ক্ষেত্রে উদ্যোগ নিন। কারণ র‍্যাগিংয়ের মতো ব্যাধি থেকে আমাদের বেরিয়ে আসতেই হবে।' কেন্দ্রীয় অভিন্ন পোর্টালের মাধ্যমে ছাত্র ভর্তি নেওয়ার পরেও এবার বহু আসন ফাঁকা হয়ে রয়েছে। শিক্ষামন্ত্রীর মতে, আসন ফাঁকা থেকে যাওয়ার সংখ্যাটা গতবারের থেকে কম। তবে অন্য পেশাগত কোর্সে ছাত্রছাত্রী ভর্তির হার অনেক বেশি বলে জানান তিনি। স্নাতকে আসন সংখ্যা ৯ লক্ষের বেশি। এত আসন রাখা হবে কিনা তা নিয়ে পর্যালোচনা করা হবে বলে জানান। কলকাতা বিশ্ববিদ্যালয়ের রাজ্যপাল নিযুক্ত অন্তর্বর্তী উপাচার্যের অবসরের পরও দায়িত্বে থাকা নিয়ে বলেন, উনি পদে আছেন নাকি নেই সেটা পুরোটাই ধোঁয়াশা। ছাত্রদের বক্তব্য, উনি নেই। কারণ উনি অবসর গ্রহণ করেছেন। আবার উনি বলছেন, উনি আছেন। সেখানে রাজ্যপাল ওঁনাকে সমর্থন করছেন। একটা 'গ্রে জোন' বা অংশে তিনি আছেন।

ঋতুপর্ণাকে আক্রমণ

● ১ পাতার পর

ছিলেন তাঁরাও ক্ষোভ প্রকাশ করেছেন। কড়া ভাষায় ঘটনার নিন্দা করেছেন অভিনেত্রী সুদীপ্তা চক্রবর্তী। অভিনেতা ঋদ্ধি সেন বলেন, 'স্বতঃস্ফূর্ত আন্দোলনে কে আগে বা পরে প্রতিবাদে যোগ দিচ্ছেন, সেই চুলচেরা বিশ্লেষণ কি খুব গুরুত্বপূর্ণ? যখন চলে যাচ্ছেন, তখন দেখলাম মানুষ ভিডিও করতে ব্যস্ত! অর্থাৎ, সহজে একজন পরিচিত ব্যক্তিকে অসম্মান করা যায়, তার প্রমাণ রাখা হল।' সোশ্যাল মিডিয়ায় অভিনেত্রী উষসী চক্রবর্তী বলেছেন, ঋতুপর্ণার সঙ্গে কাল যে ব্যবহার করা হয়েছে, সমর্থন করতে পারছি না। যে আন্দোলনের কেন্দ্রে নারী সুরক্ষা ও সম্মানের বিষয়টি রয়েছে, সেই আন্দোলনেই একজন মহিলার প্রতি এমন আচরণ একেবারেই অনভিপ্রেত।' ঋতুপর্ণার প্রতি 'গো ব্যাক' স্লোগানকে মেনে নিতে পারছেন না অভিনেত্রী চূর্ণী গাঙ্গুলিও। তিনি বলেছেন, 'যার যেমন ভাবে ইচ্ছে, যখন ইচ্ছে প্রতিবাদ করবেন। কেউ দেরিতে এলেও তাঁকে স্বাগত জানানো উচিত। এমন যেন না হয়, আমরা তাঁদের সুযোগটাই কেড়ে নিলাম!'

ঋতুপর্ণা বলেছেন, 'মানুষ হিসেবে এই প্রতিবাদে শামিল হতে চেয়েছিলাম। কিন্তু জঘন্য, বর্বর আচরণের সাক্ষী হয়ে ফিরে আসতে হল।'

সোমবার মুখ্যমন্ত্রীর প্রশাসনিক বৈঠক

আজকালের প্রতিবেদন

রাজ্য স্তরে প্রশাসনিক বৈঠক করতে চলেছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। সোমবার, ৯ সেপ্টেম্বর নবান্ন সভাগৃহে এই বৈঠক হবে। বৈঠকে মন্ত্রিসভার সব সদস্য, সব ক'টি দপ্তরের সচিব-সহ বিশেষ সচিব পর্যায়ের সকলে উপস্থিত থাকবেন। রাজ্য পুলিশের ডিজি রাজীব কুমার, এডিজি (আইনশৃঙ্খলা) মনোজ বর্মা, কলকাতা পুলিশের নগরপাল বিনীত গোয়েলকে উপস্থিত থাকতে বলা হয়েছে। এ ছাড়াও ভার্চুয়ালি সব জেলার জেলার জেলাশাসক ও পুলিশ সুপারের উপস্থিত থাকার কথা। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি ক্ষমতায় আসার পর থেকেই বছরে দু'বার করে এরকম প্রশাসনিক স্তরে বৈঠক হয়ে আসছে। এই বৈঠকের আগে মুখ্যমন্ত্রী জেলায় জেলায় গিয়ে প্রশাসনিক বৈঠক করে আসেন। সেখানে পুঙ্খানুপুঙ্খ ভাবে কাজের খতিয়ান নেন তিনি।

রাত দখলে অশান্তি

আজকালের প্রতিবেদন

রাত দখল কর্মসূচির রাতে অশান্তি, অভব্যতা ও পুলিশকে মারধর-সহ নানা অভিযোগে শহরের তিনটি থানায় ছয়টি অভিযোগ দায়ের হল। পুলিশ জানিয়েছে, বুধবার রাতে পুলিশকে মারধর ও গালাগালি করার অভিযোগে যাদবপুর ও নেতাজি নগর থানায় দুটি অভিযোগ দায়ের হয়েছে। অন্যদিকে, মহিলাকে কটূক্তি, উত্ত্যক্ত করা ও শ্লীলতাহানির চেষ্টার অভিযোগে যাদবপুর ও পাটুলি থানায় আরও দুটি অভিযোগ দায়ের হয়েছে। অভিযুক্তরাও পাল্টা মারধরের অভিযোগ করেছে। যাদবপুর ৮বি বাস স্ট্যান্ড এলাকায় এক পুলিশকর্মীকে মারধর ও হেনস্থা করেন আন্দোলনকারীরা। অন্যদিকে, গড়িয়ায় নতুন হাট অটো স্ট্যান্ড এলাকায় পুলিশ আধিকারিক ও কর্মীদের মারধর, গালিগালাজ করার অভিযোগ উঠেছে।

নিহত ডাক্তারের ছবি রিপোর্ট চাইল হাইকোর্ট

আজকালের প্রতিবেদন

আর জি কর হাসপাতালের ঘটনায় মৃত চিকিৎসকের ছবি ব্যবহার করে অশালীন মন্তব্যের অভিযোগ সিবিআইকে খতিয়ে দেখতে বলল কলকাতা হাইকোর্ট। এই নিয়ে প্রাথমিক রিপোর্ট আদালতে জমা দেওয়ার নির্দেশ দিল প্রধান বিচারপতির ডিভিশন বেঞ্চ। বৃহস্পতিবার আইনজীবী শুভব্রত চৌধুরির দায়ের করা জনস্বার্থ মামলার প্রেক্ষিতে এই নির্দেশ আদালতের। তাঁর অভিযোগ, নির্যাতিতার ছবি ব্যবহার করে সমাজমাধ্যমে অশালীন মন্তব্য চালিয়ে যাচ্ছে একদল যুবক। মামলাকারীর জমা দেওয়া ওই মন্তব্য খতিয়ে দেখে প্রধান বিচারপতি বলেন, যে ধরনের মন্তব্য আপলোড হয়েছে সেটা সমাজের কোনও মানুষের কাছে গ্রহণযোগ্য হতে পারে না। তিনি এর পরই নির্দেশ দেন সিবিআই-এর জয়েন্ট ডিরেক্টরকে মামলাকারীর অভিযোগগুলি খতিয়ে দেখে রিপোর্ট জমা দিতে। মামলায় কেন্দ্রের অ্যাডিশনাল সলিসিটার জেনারেল জানান, সিবিআইয়ের সাইবার অপরাধের জন্য কোনও আলাদা শাখা নেই। তাই কলকাতা পুলিশের সাইবার শাখাকে এবিষয়ে রিপোর্ট দিতে নির্দেশ দেওয়া হোক। আগামী ১৮ সেপ্টেম্বর এই মামলার পরবর্তী শুনানি হবে।

বাইক মিছিলের আবেদন খারিজ

আজকালের প্রতিবেদন

আর জি কর কাণ্ডের প্রতিবাদে বাইক নিয়ে মিছিলের আবেদন খারিজ করল কলকাতা হাইকোর্ট। বাগবাজারের নিবেদিতা হাউস থেকে দেশবন্ধু পার্ক পর্যন্ত মিছিল করতে চেয়ে হাইকোর্টের দ্বারস্থ হয় একটি সংস্থা। আগামী ৮ সেপ্টেম্বর সকাল ৯টা থেকে কর্মসূচি করতে চায় তারা। কিন্তু বৃহস্পতিবার বাইক মিছিলের অনুমতি দিল না আদালত। রাজ্য জানায়, সাধারণ মিছিলে আমাদের কোনও আপত্তি নেই। কিন্তু বাইক মিছিলে আমাদের সম্মতি নেই। রাজ্যের সেই প্রস্তাবে সায় দিল আদালত। তবে পায়ে হেঁটে মিছিল করতে আদালত অনুমতি দিচ্ছে বলে নির্দেশে জানান বিচারপতি রাজর্ষি ভরদ্বাজ। এই পরিস্থিতিতে ১০০টি বাইক নিয়ে মিছিলের অনুমতি দেওয়া সম্ভব না বলে মন্তব্য করেন বিচারপতি।

প্রাক্তণ মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্যের
স্মরণ সভায়
সকলকে উপস্থিত থাকতে অনুরোধ করছি
কাল সন্ধ্যা ৫.০০ টা
স্মরণসভায় উপস্থিত থাকবেন এবং শ্রদ্ধা জানাবেন
সম্মানীয় শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়, সম্মানীয় শ্রী দেবাশীষ কুমার,
সম্মানীয় শ্রী প্রদীপ ভট্টাচার্য
সম্মানীয় শ্রী রাহুল সিন্‌হা, সম্মানীয় শ্রীমতী রূপা গাঙ্গুলী
সম্মানীয় শ্রী রবীন দেব, সম্মানীয় শ্রী শমীক লাহিড়ী
সম্মানীয় শ্রী অশোক মুখোপাধ্যায় এবং সম্মানীয় শ্রী মেঘনাথ ভট্টাচার্য
আয়োজনে ঃ নেহরু চিলড্রেনস্ মিউজিয়াম

ADITYA BIRLA CAPITAL
PROTECTING INVESTING FINANCING ADVISING
আদিত্য বিড়লা ফিনান্স লিমিটেড
রেজিস্টার্ড অফিস: ইন্ডিয়ান কম্পাউন্ড, ভেরাভল, গুজরাট-৩৬২২৬৬
ব্রাঞ্চ অফিস: রুম নং ৪০১, ফ্লোর নং ৪, ক্যামাক স্কোয়্যার, ২৪, ক্যামাক স্ট্রিট, কলকাতা- ৭০০০১৬

অস্থাবর সম্পত্তির বিক্রয়ের জন্য বিক্রয় বিজ্ঞপ্তি
পরিশিষ্ট-II-A
[সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৬(২) এর সংস্থান দ্রষ্টব্য]

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২ এর রুল ৬(২) এর সংস্থান সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ এর অধীনে অস্থাবর পরিসম্পদ(সমূহ) বিক্রির জন্য ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।
এতদ্দ্বারা বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ) এবং জনসাধারণের জ্ঞাতার্থে এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, **১. মেসার্স বি কে পোদ্দার প্রিন্টিং প্রাইভেট লিমিটেড (ঋণগ্রহীতা ও বন্ধকদাতা), এর ডিরেক্টরগণের মাধ্যমে; ২. মেসার্স শ্রী গুরু সেলস অ্যান্ড মার্কেটিং প্রাইভেট লিমিটেড (সহ-ঋণগ্রহীতা), এর ডিরেক্টরগণের মাধ্যমে; ৩. মেসার্স পোদ্দার অ্যাসোসিয়েটস (সহ-ঋণগ্রহীতা), এর অংশীদার মিঃ বিশ্বজিৎ কুণ্ডু পোদ্দারের মাধ্যমে, ৪. মিঃ বিশ্বজিৎ কুণ্ডু পোদ্দার (বন্ধকদাতা ও জামিনদার), পিতা- গৌরগোবিন্দ কুণ্ডু পোদ্দার; ৫. মিসেস স্মৃতি কুণ্ডু পোদ্দার (বন্ধকদাতা ও জামিনদার), সরোজ গোবিন্দ মণির কন্যা এবং মিঃ বিশ্বজিৎ কুণ্ডু পোদ্দার-এর পত্নী-এর থেকে আদিত্য বিড়লা ফিনান্স লিমিটেড, সুরক্ষিত ঋণদাতার পাওনা বাবদ ১৯.০৬.২০২৩** তারিখের ভিত্তিতে **₹৯,৫১,০৯,৪৩৩.৮৬ (নয় কোটি একান্ন লক্ষ নয় হাজার চারশো তেত্রিশ টাকা এবং ছিয়াশি পয়সা মাত্র)** পুনরুদ্ধারের জন্য আদিত্য বিড়লা ফিনান্স লিমিটেড, সুরক্ষিত ঋণদাতার অনুমোদিত আধিকারিক দ্বারা বাস্তবিক দখল নেওয়া নিম্নলিখিত অস্থাবর সম্পত্তি 'যেখানে আছে', 'যা কিছু আছে' এবং 'যেভাবে আছে' ভিত্তিতে **১৬.১০.২০২৪** তারিখে বিক্রি করা হবে।
অস্থাবর সম্পত্তি যথা, প্ল্যান্ট এবং মেশিনারির সংরক্ষণ মূল্য ₹১,৫৪,০৯,৯৯৫/- (এক কোটি চুয়ান্ন লক্ষ নয় হাজার নশো পঁচানবুই টাকা মাত্র) এবং স্টকের (অস্থাবর সম্পত্তির অন্য অংশ) সংরক্ষণ মূল্য ₹১,৬৩,১৪,১৭৪/- (এক কোটি তেষট্টি লক্ষ চৌদ্দ হাজার একশো চুয়াত্তর টাকা মাত্র), সুরক্ষিত সম্পদের সমগ্র এবং অস্থাবর সম্পত্তির মোট সংরক্ষণ মূল্য **₹৩,১৭,২৪,১৬৯/- (তিন কোটি সতেরো লক্ষ চব্বিশ হাজার একশো উনসত্তর টাকা মাত্র)** এবং অস্থাবর সম্পত্তির বায়না জমা **₹৩১,৭২,৪১৬.৯ (একত্রিশ লক্ষ বাহাত্তর হাজার চারশো ষোল টাকা এবং নয় পয়সা মাত্র)।**
সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট রুলস, ২০০২) এর অ্যানেক্সার-II অনুসারে ২০.০৩.২০২৪ তারিখে প্রস্তুত করা ইনভেন্টরিতে অস্থাবর সম্পত্তির (প্ল্যান্ট এবং মেশিনারি) বিবরণ উল্লিখিত। অস্থাবর সম্পত্তির বিশদ নিয়ম এবং শর্তাবলীর জন্য অনুগ্রহ করে সুরক্ষিত ঋণদাতার ওয়েবসাইট https://mortgagefinance.adityabirlacapital.com/Pages/Individual/Properties-for-Auction-under-SARFAESI-Act.aspx অথবা https://sarfaesi.auctiontiger.net এর লিঙ্ক/ইউআরএল দেখুন। সমস্ত অস্থাবর সম্পত্তির পরিদর্শনের তারিখ ১৪.১০.২০২৪ অথবা তার পূর্বে।
জানা দায়: সারফায়েসি অ্যাক্ট, ২০০২ এর ধারা ১৭ এর অধীনে এস এ নং ৯১১ সন ২০২৩ লার্নেড ডেটস রিকভারি ট্রাইবুনাল-১, কলকাতা সমীপে মামলাধীন।
তারিখ: ০৬.০৯.২০২৪ অনুমোদিত আধিকারিক
স্থান: কলকাতা, পশ্চিমবঙ্গ আদিত্য বিড়লা ফিনান্স লিমিটেড
যোগাযোগ: ৭০৯১১২৮০৪০

যুকো ব্যাঙ্ক UCO BANK ইউকো ব্যাঙ্ক
কলকাতা মেন রিটেল ব্রাঞ্চ
পরিশিষ্ট-IV [রুল ৮(১) দ্রষ্টব্য] দখল বিজ্ঞপ্তি
(স্থাবর সম্পত্তির জন্য)

যেহেতু, ইউকো ব্যাঙ্ক-এর অনুমোদিত আধিকারিক হিসেবে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৯-সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট ২০০২ (নং ৫৪/২০০২) [এখানে এর পরে 'উক্ত অ্যাক্ট' হিসেবে উল্লিখিত]-এর ১৩(১২) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে নিম্নলিখিত **(ঋণগ্রহীতাগণ) শ্রী ইন্দ্রনীল দাস এবং শ্রীমতী নন্দিনী দাস, নিবাস- ১২/১১, বিধানপল্লী, নোনাচাঁদপুকুর, ব্যারাকপুর, কলকাতা-৭০০১২২**-এর প্রতি ১৮ মার্চ ২০২৪ তারিখ সংবলিত একটি দাবি বিজ্ঞপ্তি জারি করেছিলেন, যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তিগুলি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে সংশ্লিষ্ট বিজ্ঞপ্তিতে দাবীকৃত অর্থাঙ্ক, অর্থাৎ **₹ ৩৭,৯৯,৯২০/- (সাঁইত্রিশ লক্ষ নিরানবুই হাজার নয়শো কুড়ি টাকা মাত্র) ১৮.০৩.২০২৪** অনুযায়ী, তৎসহ ৩০.০৯.২০২৪ পর্যন্ত সুদ, তদুপরি সুদ ও আনুষঙ্গিক খরচ, মাশুল সমেত আদায় দেওয়ার জন্য তাঁদের প্রতি আহ্বান জানানো হয়েছিল।
উক্ত ঋণগ্রহীতা উক্ত দাবীকৃত অর্থাঙ্ক পরিশোধে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা বিশেষত উক্ত ঋণগ্রহীতা এবং জনসাধারণের জ্ঞাতার্থে জানানো হচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী উক্ত রুলসমূহের রুল নং ৮-সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩(৪) ধারাধীনে তাঁর ওপর অর্পিত ক্ষমতাবলে **৫ সেপ্টেম্বর ২০২৪** তারিখে এখানে নীচে বর্ণিত সম্পত্তিগুলির দখল নিয়েছেন।
বিশেষত ওই ঋণগ্রহীতাগণ এবং জনসাধারণকে এতদ্দ্বারা নিম্নলিখিত সম্পত্তিগুলি নিয়ে কোনওপ্রকার লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তিগুলি নিয়ে যে-কোনও প্রকার লেনদেন **₹ ৩৭,৯৯,৯২০/- (সাঁইত্রিশ লক্ষ নিরানবুই হাজার নয়শো কুড়ি টাকা মাত্র) ১৮.০৩.২০২৪** অনুযায়ী, তৎসহ ৩০.০৯.২০২৩ পর্যন্ত সুদ প্রযুক্ত এবং তার ওপর সুদ, আনুষঙ্গিক খরচ, খরচ সমেত ইউকো ব্যাঙ্ক-এর দায় সাপেক্ষ হবে।
দি অ্যাক্টের সেকশন ১৩(৮)-এর প্রতি ঋণগ্রহীতার দৃষ্টি আকর্ষণ করে সময়ে পরিশোধ করে জামিনযুক্ত সম্পদ ছাড়িয়ে নিতে জানানো হচ্ছে।

স্থাবর সম্পত্তির বিবরণ

সম্পত্তির সমবন্ধক:
শ্রীমতী নন্দিনী দাস, স্বামী- ইন্দ্রনীল দাস, নামাঙ্কিত জমি ও বিল্ডিং-এর সকল অপরিহার্য অংশ, যার নথিভুক্ত দান দলিল নং ০০৬৫৮, সাল ২০১৪, বুক নং- আই, ভলিউম নং- ৪, পৃষ্ঠা নং ৪২০ থেকে ৪৩১, নথিভুক্ত ডি এস আর-১ সম্মুখে, উত্তর ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ, যেখানে জমির পরিমাপ কমবেশি ৬ কাঠা ০১ ছটাক, অবস্থিত ব্যারাকপুর পুরসভার ওয়ার্ড নং ০৩ অধীনে, প্রেমিসেস নং ১২(১১) বিধানপল্লী, থানা- টিটাগড়, পোঃ নোনাচাঁদপুকুর, মৌজা- চন্দনপুকুর, জে এল নং ০২, আর এস নং ১৫, তৌজি নং ১৮২, আর এস দাগ নং ১৬৭৬, আর এস খতিয়ান নং ১৩৭২, নতুন খতিয়ান নং ২০৮৫ (পরিমার্জিত), জেলা- উত্তর ২৪ পরগনা, কলকাতা- ৭০০১২২।
উক্ত প্রেমিসেস এবং বিষয়ের সম্পত্তির **চৌহদ্দি এইরূপে (দলিল অনুযায়ী): উত্তরে-** গোপীনাথ ধরের সম্পত্তি, **দক্ষিণে-** ৬ ফুট চওড়া পুরসভার রাস্তা, **পূর্বে-** খালি জমি, **পশ্চিমে-** ১০ ফুট চওড়া পুরসভার রাস্তা।
তারিখ: ০৫.০৯.২০২৪ স্বাঃ, এস ভট্টাচার্যি
স্থান: ব্যারাকপুর, কলকাতা অনুমোদিত আধিকারিক, ইউকো ব্যাঙ্ক

GOVERNMENT OF WEST BENGAL
Department of MSME&T, Government of West Bengal
Shilpa Sadan, 4, Abanindranath Tagore Sarani (Camac Street), Kolkata 700 016
Training Course on Design & Development on Leather Goods
A Skill Development Centre is set up in Calcutta Leather Complex (CLC) by MSME&T Department, Government of West Bengal in collaboration with CSIR-Central Leather Research Institute. A Training Course on Design & Development on Leather Goods will commence from 18/09/2024 at the Centre.
Details of the course, eligibility criteria, course fees, duration of course etc may be seen in the following websites - https://www.wbseps.com/ , https://www.wbsidcl.in/ , https://wbmsme.gov.in/ , https://www.karmadiganta.in.
Online applications are hereby invited from the interested candidates by 17/09/2024 by clicking on the application link as given in the websites.
Sd/-
Joint Secretary to the Government of West Bengal
ICA-N431(5)/2024

সংশোধনী
ICICI Bank | ব্রাঞ্চ অফিস: আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড, ২২৮এ, এজেসি বোস রোড, ল্যান্ডমার্ক বিল্ডিং, ৪ নং ফ্লোর, কলকাতা-৭০০০২০
সারফায়েসি অ্যাক্ট, ২০০২ অধীনে ৩১ আগস্ট, ২০২৪ 'টাইমস অফ ইন্ডিয়া' (ইংরেজি) এবং 'আজকাল' (বাংলা) সংবাপত্রের কলকাতা-পশ্চিমবঙ্গ সংস্করণে এলবিসিএএল০০০০৪৯৫৯৭৮০ সংবলিত ঋণগ্রহীতা মিঃ সুদীপ্ত সান্যাল-এর মালিকানাধীন সম্পত্তির নিলাম বিক্রি নোটিসের বিজ্ঞাপনটি খেয়াল করুন।
অনিচ্ছাকৃত ভুলের কারণে সম্পত্তির অবস্থান এরূপে উল্লিখিত হয়েছিল, ''ফ্ল্যাট নং ৪এ, ফ্লোর নং ৪, ব্লক-২, হেভেনস গেটওয়ে সোনারগাঁও, হোল্ডিং নং ৩৪৬৩, মৌজা- তেঘরিয়া, থানা- সোনারপুর, ওয়ার্ড নং ৮, রাজপুর সোনারপুর পুরসভা, জেলা- দক্ষিণ ২৪ পরগনা, কলকাতা, পশ্চিমবঙ্গ-৭০০১৫০, সুপার বিল্ট আপ এরিয়া ১১৫৮ বর্গফুট, তৎসহ উক্ত বিল্ডিংয়ের গ্রাউন্ড ফ্লোরে ১২০ বর্গফুট মাপের কভার্ড কার পার্কিং এরিয়া''। সম্পত্তির সঠিক বিবরণ এরূপে পড়তে হবে, ''ফ্ল্যাট নং ৪এ, ফ্লোর নং ৪, ব্লক-২, হেভেনস গেটওয়ে সোনারগাঁও, হোল্ডিং নং ৩৪৬৩, মৌজা- তেঘরিয়া, থানা- সোনারপুর, ওয়ার্ড নং ৮, রাজপুর সোনারপুর পুরসভা, জেলা- দক্ষিণ ২৪ পরগনা, কলকাতা, পশ্চিমবঙ্গ-৭০০১৫০, সুপার বিল্ট আপ এরিয়া ১১৫৮ বর্গফুট, তৎসহ উক্ত বিল্ডিংয়ের গ্রাউন্ড ফ্লোরে ১২০ বর্গফুট মাপের কভার্ড কার পার্কিং স্পেস। দ্রষ্টব্য: ব্যাঙ্কের বিরুদ্ধে এসএ নং ৫৬৮/২০২১ দায়ের হয়েছে এবং এটি মহামান্য ডেটস রিকভারি ট্রাইবুনাল-III, কলকাতী সমীপে মীমাংসাধীন রয়েছে, তবে এই মামলায় কোনও স্থগিতাদেশ নেই''। সেই কারণে, আমরা ঠিকানাটি সঠিকভাবে পড়ার জন্য অনুরোধ জানাচ্ছি। উক্ত নোটিসে উল্লিখিত অপর সকল বিষয় অপরিবর্তিত থাকবে।
তারিখ: ৬ সেপ্টেম্বর, ২০২৪ অনুমোদিত আধিকারিক
স্থান: কলকাতা (পশ্চিমবঙ্গ) আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড

মাননীয়া মুখ্যমন্ত্রী
মমতা বন্দ্যোপাধ্যায়ের
উদ্যোগে
পশ্চিমবঙ্গ সরকার, তথ্য ও সংস্কৃতি বিভাগ
রাজ্য চারুকলা পর্ষদ
আয়োজিত
আলোচনাচক্র
বিষয়
আধুনিক শিল্প ও তার উত্তরাধিকার
বক্তা
শ্রী ঋতেন্দ্র রায় ও শ্রী জয়ন্ত রায়
সঞ্চালক
শ্রী সৌরভ জানা
অবনীন্দ্র সভাঘর
শুক্রবার, ৬ সেপ্টেম্বর ২০২৪, বিকাল ৫:৩০ মিনিট
সকলকে সাদর আমন্ত্রণ
ICA-N430(3)/2024

আজকাল
কর্মখালি/ ব্যবসা/বাণিজ্য/ হারানো/প্রাপ্তি ইত্যাদি বিজ্ঞাপন
১২টি শব্দ ২৫০ টাকা অতিরিক্ত শব্দ ১৮ টাকা

Chola
Enter a better life
চোলামণ্ডলম ইনভেস্টমেন্ট অ্যান্ড ফিনান্স কোম্পানি লিমিটেড
কর্পোরেট অফিস:
'চোলা ক্রেস্ট', সি৫৪ এবং ৫৫, সুপার বি-৪, থিরু ভি ক ইন্ডাস্ট্রিয়াল এস্টেট, গিণ্ডি, চেন্নাই-৬০০০৩২, ভারত
রিজিওনাল অফিস: ৫৫ এবং ৫৫/১, চৌরঙ্গি রোড, ৪ নং ফ্লোর, চৌরঙ্গি কোর্ট,
রবীন্দ্র সদনে নেহরু চিলড্রেন'স মিউজিয়ামের বিপরীতে, কলকাতা-৭০০০৭১, পশ্চিমবঙ্গ
রুল ৮(১)-এর অধীনে প্রতীকী দখল বিজ্ঞপ্তি

যেহেতু:
মেসার্স চোলামণ্ডলম ইনভেস্টমেন্ট অ্যান্ড ফিনান্স কোম্পানি লিমিটেড-এর অনুমোদিত আধিকারিক হিসেবে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৩-সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয